

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 06-01-2026**

**Time: 1.30 P.M.**

**বিশেষ বিশেষ খবর -**

- ১) মাদ্রাজ হাইকোর্টের মাদুরাই ডিভিশন বেঞ্চ, থিরুপপারানকুণ্ডম পাহাড়ে প্রদীপ প্রজ্ঞলন নিয়ে সিঙ্গল বেঞ্চের রায় বহাল রেখেছে।
- ২) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ নতুন দিল্লীর বিজ্ঞান ভবনে শিশুদের অপুষ্টি দূর করার ক্ষেত্রে সামাজিক দায়বদ্ধতা সংক্রান্ত এক সম্মেলনের উদ্বোধন করবেন।
- ৩) উত্তরপ্রদেশে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার অঙ্গ হিসাবে খসড়া ভোটার তালিকা আজ প্রকাশিত হবে।
- ৪) ভেনিজুয়েলার রাষ্ট্রপতি নিকোলাস মাদুরোকে বন্দি করার ঘটনায় রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের কঠোর সমালোচনার মুখে পড়েছে মার্কিন যুক্তরাষ্ট্র।
- ৫) ব্যাডমিন্টনে মালয়শিয়া ওপেনে আজ অংশ নেবেন দুবারের অলিম্পিক বিজয়ী পি ভি সিন্দু।

০০০০০০০০০০০০০০০০০০০

মাদ্রাজ হাইকোর্টের মাদুরাই ডিভিশন বেঞ্চ থিরুপপারানকুণ্ডম পাহাড়ে প্রদীপ প্রজ্ঞলন নিয়ে সিংগেল বেঞ্চের নির্দেশ বহাল রেখেছে। বিচারপতি জি জয়াচন্দ্রণ এবং বিচারপতি কে কে রামকৃষ্ণনের ডিভিশন বেঞ্চ তাঁদের রায়ে বলেছেন, দীপাথুনের প্রস্তর স্তুপটি ভগবান সুরামানিয়া

স্বামী মন্দিরেই অবস্থিত। বেঞ্চ বলেছে, এই স্থানে প্রদীপ জ্বালানো যেতে পারে। তবে কতজন সেখানে উপস্থিত থাকবেন, ভারতের প্রত্নতত্ত্ব বিভাগ, এ এস আই-এর সঙ্গে আলোচনার ভিত্তিতে তা নির্ধারণ করতে হবে।

উল্লেখ্য, ২০২৫-এর ডিসেম্বর মাসে মাদ্রাজ হাইকোর্টের মাদুরাইয়ের এক বিচারপতির বেঞ্চ ওই পাহাড়ে প্রদীপ প্রজ্জ্বলনের অনুমতি দিয়েছিল। তবে তামিলনাড়ু সরকার এবং অন্যান্যরা এই নির্দেশ চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চের কাছে আবেদন জানিয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্ট, কর্মচারী ভবিষ্যনিধি প্রকল্পের আওতায় চার মাসের মধ্যে বেতন সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত নিতে কেন্দ্রীয় সরকার এবং ইপিএফও-কে নির্দেশ দিয়েছে। দুই বিচারপতি জে কে মাহেশ্বরী এবং অতুল এস চন্দ্রচূড়ের বেঞ্চ গতকাল এক জনস্বার্থ মামলার শুনানির সময়ে এই নির্দেশ দিয়ে বলেন, গত ১১ বছরে এই বেতন কাঠামো অপরিবর্তিত থাকায় অর্থনৈতিক ক্ষেত্রে ব্যাপক অচলাবস্থা দেখা দিয়েছে। বেতন কাঠামোয় সংশোধন না হওয়ার ফলে শ্রমিকদের একটা বড় অংশ কর্মচারী ভবিষ্যনিধি সংগঠন ইপিএফও-র আওতা থেকে বাদ পড়েছে বলেও বেঞ্চের পর্যবেক্ষণ। তাদের আরও অভিমত, সংগঠিত ক্ষেত্রে কর্মীদের সামা জিক নিরাপত্তা প্রদানের উদ্দেশে গৃহীত এই কল্যাণমূলক প্রকল্প, এরফলে লক্ষ্যভূষ্ট হচ্ছে।

উল্লেখ্য, দুই আইনজীবী প্রণব সচদেওয়া ও নেহা রাঠি সংবিধানের ৩২ নম্বর ধারার আওতায় এই জনস্বার্থ মামলা দায়ের করেন। এতে বলা হয়েছে, প্রতিদেন্ট ফাল্টের সুবিধে পেতে বর্তমানে মাসে ১৫ হাজার টাকার বেতনের যে উর্ধ্বসীমা রয়েছে, তা অত্যন্ত অপ্রাসঙ্গিক এবং মুদ্রাস্ফীতি বা মোট অভ্যন্তরীন উৎপাদনের সঙ্গে এর কোনো সাযুজ্য নেই। বিশেষজ্ঞ সংস্থা এবং সংসদীয় কমিটির বারংবার সুপারিশের পরেও এই বেতন কাঠামোয় কোনো পরিবর্তন করা হয়নি।

০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী আজ নতুন দিল্লীর বিজ্ঞান ভবনে পুষ্টি ক্ষেত্রে নিরাপত্তা ও অপুষ্টি দূর করার ক্ষেত্রে কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটির ভূমিকা নিয়ে এক সম্মেলনের উদ্বোধন করবেন। এর উদ্দেশ্য হল, বিভিন্ন উজ্জ্বালনী ও দীর্ঘস্থায়ী পন্থা পদ্ধতির মাধ্যমে বিশেষ করে শিশুদের মধ্যে অপুষ্টি দূর করা। জাতীয় ডেয়ারি উন্নয়ন পর্ষদ এনডিডিবি আয়োজিত ঐ সম্মেলনে শ্রী শাহ ছত্রিশগড়ের সেইল ভিলাই ইস্পাত প্রকল্পে সিএসআর উদ্যোগের আওতায়

গিফট মিল্ক কর্মসূচীর তৃতীয় পর্যায়েরও সূচনা করবেন। ভিলাই ইস্পাত প্রকল্পের খনি এলাকায় সরকারি স্কুলগুলির প্রায় ৪ হাজার পড়ুয়া এই কর্মসূচার ফলে উপকৃত হবেন। এর আওতায় এনডিডিবির পরিচালনায় ছত্রিশগড় দুর্ঘ ফেডারেশন বাচ্চাদের ভিটামিন এ ও ডি সমৃদ্ধ দুধ সরবাহ করবে।

এছাড়াও সফরকালে শ্রী শাহ আইডিবিআই ব্যাঙ্কের সিএসআর উদ্যোগের অঙ্গ হিসাবে শিশু সঞ্জীবনী কর্মসূচীরও উদ্বোধন করবেন। এর আওতায় মহারাষ্ট্রে নাগপুর জেলায় গ্রামাঞ্চলের অঙ্গনওয়ারি কেন্দ্রগুলির প্রায় তিনি হাজার পড়ুয়াকে বিভিন্ন পুষ্টিকর খাবার দাবার প্রদান করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রী শিল্প ও বাণিজ্যমন্ত্রী পীয়ুষ গোয়েল দেশের শিশুদের পুষ্টি বিধানের ক্ষেত্রে কর্পোরেট সংস্থাগুলির দায়িত্বের কথা বলেছেন। আজ তিনি নতুন দিল্লির বিজ্ঞান ভবনে শিল্প সংস্থার সামাজিক দায়িত্ব বিষয়ে এক সম্মেলনে ভাষণ দিচ্ছিলেন। মন্ত্রী বলেন, দেশের কোন শিশু যাতে অপুষ্টিতে না ভোগে তা নিশ্চিত করতে হবে।

(বাইট - পীয়ুষ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর গতকাল প্যারিসে ভারত-ফ্রান্স চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি আয়োজিত ভারত-ফ্রান্স যুৰা প্রতিভা অনুষ্ঠানের অংশগ্রহণকারীদের সঙ্গে মতবিনিময় করেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে বিদেশ মন্ত্রী জানান তিনি বিশ্বজুড়ে পরিবর্তন এবং তার প্রেক্ষিতে ভারত-ফ্রান্স সহযোগিতার ব্যাপারে আলোচনা করেছেন। আন্তর্জাতিক শক্তি সংস্থার নির্বাহী আধিকারিক ফেখ বাইরলের সঙ্গে সাক্ষাৎ করেন জয়শংকর। শক্তিক্ষেত্রে আন্তর্জাতিক পরিস্থিতি নিয়ে বাইরলের মূল্যায়ন ও ভারতের বৃদ্ধি ও উন্নতিতে তাঁর সমর্থনের প্রশংসা করেন তিনি। এই সফর কালে জয়শংকর ফ্রান্সের নেতৃত্বের সঙ্গে সাক্ষাৎ করবেন এবং ফরাসী বিদেশমন্ত্রী জিন নোয়েল ব্যারোটের সঙ্গে ও কথা বলবেন। তাঁরা এই আলোচনায় ভারত-ফ্রান্স কৌশলগত অংশীদারিত্বের অগ্রগতি এবং বিশ্বের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে কথা বলবেন বলে জানা গেছে। সেই সঙ্গে জয়শংকর ফরাসী রাষ্ট্রদূতদের ৩১ তম সম্মেলনে সম্মানীয় অতিথি হিসেবে বক্তব্য রাখবেন। সফরের দ্বিতীয় পর্যায়ে তিনি লুক্সেমবুর্গ যাবেন এবং সেখানের প্রবীণ নেতৃবৃন্দ

এবং উপপ্রধানমন্ত্রী তথা বিদেশমন্ত্রী জেভিয়ার বেটেলের সঙ্গে বৈঠক করবেন। সেখানে লুক্ষ্মেবার্গের প্রবাসী ভারতীয়দের সঙ্গেও সাক্ষাৎ করবেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অন্ধ্রপ্রদেশের বিশাখ তৈল শোধনাগারে হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন, HPCL-এর Residue Upgradation Facility-র কাজ শুরু হওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সন্তোষ ব্যক্ত করেছেন। আজ সামাজিক মাধ্যমে এক বার্তায় কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দফতরের মন্ত্রী হরদীপ সিং পুরীর এক বার্তা শেয়ার করে তিনি বলেছেন, এই ব্যবস্থা দেশের শক্তি ক্ষেত্রে স্বয়ন্ভূত আনতে সহায়ক ভূমিকা নেবে। এছাড়া তিনি এই উদ্যোগকে আত্মনির্ভর ভারতের এক উদাহরণ হিসেবে প্রশংসা করেছেন। শক্তি নিরাপত্তা অর্জনে এই উদ্যোগ বিশেষ ভূমিকা নেবে বলে প্রধানমন্ত্রী আশা ব্যক্ত করেছেন।

০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ নতুন দিল্লিতে ধ্রুপদী কনড়, তেলেঞ্চু, মালয়লাম ও ওড়িয়া ভাষার উৎকর্ষ কেন্দ্রের ৪১ টি সাহিত্য কর্মের উদ্বোধন করছেন। এই অনুষ্ঠানে তামিল ভাষার ১৩ টি বই ও ৪৫ টি পর্বের সাইন ল্যাঙ্গুয়েজ ব্যাখ্যা প্রকাশিত হবে। সমাজ মাধ্যমের একটি বার্তায় শিক্ষা মন্ত্রী বলেন, এই উদ্যোগ ভারতের সমৃদ্ধ ও প্রাচীন সাহিত্যের ইতিহাসকে তুলে ধরবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরপ্রদেশে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার অঙ্গ হিসাবে খসড়া ভোটার তালিকা আজ প্রকাশিত হবে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক নভদীপ রিনভা জানিয়েছেন, আজ থেকে ৬ই ফেব্রুয়ারি পর্যন্ত এ সংক্রান্ত সমস্ত অভাব অভিযোগ ও দাবি দাওয়া পেশ করা যাবে। ২৭ শে ফেব্রুয়ারি পর্যন্ত নোটিশ পর্যায়ে এইসব অভিযোগের নিষ্পত্তি এবং সেই সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ৬ ই মার্চ। মুখ্য নির্বাচনী আধিকারিক আরও জানান, ২৬ শে ডিসেম্বর রাজ্যে এসআইআর প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। সমস্ত এনুমারেশন ফর্ম জমা পড়ার পর ডিজিটাইজ করাও হয়েছে।

এর আগে ৩১ শে ডিসেম্বর খসড়া তালিকা প্রকাশের কথা ছিল। কিন্তু সেই দিন পরিবর্তনের পর আজ তা প্রকাশ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৫ সালে কর থেকে আইন সংস্কার এসেছে বহু ক্ষেত্রে। গত ১৫ ই আগস্ট প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিকশিত ভারতের জন্য আইন পুনর্গঠনের প্রয়োজনীয়তার বিষয় যে আহ্বান জানিয়েছিলেন তা প্রতিফলিত হয়েছে এই সংস্কার গুলিতে।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট - কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা অযোধ্যা থেকে ইউনেস্কো। আইনজীবী দেবজিত সরকারের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভেনেজুয়েলার প্রাক্তন রাষ্ট্রপতি নিকোলাস মাদুরোকে বন্দি করার ঘটনায় রাষ্ট্র সংঘের নিরাপত্তা পরিষদের উপদেষ্টা ও সদস্য দেশগুলোর কঠোর সমালোচনার মুখোমুখি হয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। নিজেদের সমর্থনে আমেরিকা যুক্তি দিয়েছে, এই ঘটনা কোনও যুদ্ধ ঘোষণা নয়, এটি আইন প্রয়োগের একটি প্রক্রিয়া মাত্র। মার্কিন সংসদের প্রতিনিধি মাইক ওয়ালজ বলেন, মার্কিন যুক্তরাষ্ট্র একজন মাদক পাচারকারীকে গ্রেপ্তার করেছে এবং দেশের অপরাধ দমনের আইন অনুসারে তার বিচার শুরু হয়েছে। প্রসঙ্গত, ভেনেজুয়েলার রাজনৈতিক নেতা নিকোলাস মাদুরো ও তাঁর স্ত্রীকে মাদকপাচার সংক্রান্ত মামলায় নিউ ইর্কের ফেডারাল কোর্টে তোলা হলে মাদুরো নিজেকে নিরপরাধ বলে দাবি জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

গ্রীনল্যান্ডের প্রধানমন্ত্রী জেন্স-ফ্রেডেরিক নিয়েলসন মার্কিন রাষ্ট্রপতি ডেনান্ড ট্রাম্পের ইচ্ছাপ্রকাশের প্রেক্ষিতে আমেরিকা কর্তৃক গ্রীনল্যান্ড অধিগ্রহণের আশঙ্কার কথা প্রত্যাখ্যান করেছেন। ভেনেজুয়েলায় মার্কিন সেনার অভিযান এবং প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে গ্রেপ্তার করে নিয়ে যাওয়ার পর মার্কিন রাষ্ট্রপতি ডেনান্ড ট্রাম্পের গ্রীনল্যান্ড নিয়ে আগ্রহ দেখানোর পর

নিয়েলসন এই মন্তব্য করেন। ডেনমার্ক এবং ইউরোপীয় সহযোগী দেশগুলি গ্রীনল্যান্ডের সার্বভৌমত্বকে সমর্থন জানিয়ে নিরাপত্তার ব্যাপারে গভীর আশঙ্কা প্রকাশ করেছে। উল্লেখ্য গ্রীনল্যান্ড হল ডেনমার্কের অভ্যন্তরে অবস্থিত একটি স্বশাসিত অঞ্চল। গ্রীনল্যান্ডের রাজধানী নুক এ সংবাদ মাধ্যমকে নিয়েলসন জানান গ্রীনল্যান্ড একটি গণতান্ত্রিক দেশ, তাই আমেরিকা গ্রীনল্যান্ডকে ভেনিজুয়েলের সঙ্গে তুলনা করতে পারে না।

oooooooooooooooooooo

রাশিয়ার সঙ্গে যুদ্ধ বিরতি চুক্তি রূপায়ণের পর সেদেশের নিরাপত্তা পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য আজ ইউক্রেনের মিত্র দেশগুলি প্যারিসে বৈঠকে বসছে। তবে, ডোনাল্ড ট্রাম্প প্রশাসন বর্তমানে ভেনিজুয়েলা নিয়ে ব্যস্ত হয়ে পড়ায় ইউক্রেনের শাস্তি চুক্তি নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। ভেনিজুয়েলার রাষ্ট্রপতি নিকোলাস মাদুরোকে গ্রেফতারের আগে ফরাসী রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁ অবশ্য ইউক্রেন ও রাশিয়ার মধ্যে নিয়ে আশাপ্রকাশ করেছিলেন। এবারের বৈঠকে ২৭-টি দেশের রাষ্ট্রপ্রধান ও মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের দুই বিশেষ দৃত স্টিভ উইটকফ এবং জারেড কুশনার উপস্থিত থাকবেন। এই বৈঠকে রাশিয়া - ইউক্রেনের মধ্য যুদ্ধ বিরতির জন্য ৫-টি বিষয়ে আলোচনা হওয়ার সম্ভাবনা রয়েছে।

oooooooooooo

বাংলাদেশে সংখ্যালঘুদের উপর হিংসাত্মক ঘটনা অব্যাহত। যশোরের মনিরামপুর উপজেলায় গত সন্ধ্যায় এক হিন্দু ব্যবসায়ীকে কয়েকজন অজ্ঞাত পরিচয় দুষ্কৃতি প্রকাশ্যে গুলি করে হত্যা করেছে বলে অভিযোগ। মৃত ব্যক্তি আরুয়া গ্রামের বাসিন্দা ৪৫ বছরের রাধাকান্তি বৈরাগী। এই ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়েছে। নির্বাচনের আগে বাংলাদেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও আশঙ্কা বাঢ়ছে।

অন্যদিকে, জেনাইদহ জেলার কালীগঞ্জে এক মহিলাকে গণ ধর্ষণের অভিযোগ উঠেছে। ধর্ষণের ঘটনাটি গত ৩১ ডিসেম্বর ঘটেছে বলে জানিয়েছে পুলিশ। আক্রান্ত মহিলাকে গাছের সঙ্গে বেঁধে মর্মান্তিক অত্যাচারের পর সেই ভিডিও সমাজ মাধ্যমে প্রচার করা হয়েছে বলে অভিযোগ। চারজন পুরুষ ও দুজন মহিলা এই ঘটনায় যুক্ত রয়েছে বলে পুলিশের কাছে অভিযোগ জানিয়েছেন আক্রান্ত মহিলা। এদের মধ্যে হাসান নামে বছর ৪৫ এর এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দিল্লির আদর্শ নগরে ডিএমআরসি কোয়ার্টারের একটি ভবনে অগ্নিকাণ্ডের ঘটনায় শিশু কন্যাসহ এক দম্পতি প্রাণ হারিয়েছেন। গতকাল রাত ২টো ৩৯ মিনিট নাগাদ ভবনটির পঞ্চম তলায় আগুন লাগে। খবর পেয়ে দমকলের পাঁচটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে ভোর ৩ টে ৩০ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনে।

০০০০০০০০০০০০০০০০০

প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সুরেশ কালমাদি প্রয়াত। দীর্ঘ রোগভোগের পর আজ সকালে তার জীবনাবসান হয়। বয়স হয়েছিল ৮২। ভারতীয় অলিম্পিকে অ্যাসোসিয়েশনের সভাপতি ছিলেন তিনি। প্রধানমন্ত্রী নরসিমহা রাওয়ের সময়ে তিনি রেল দপ্তরের প্রতিমন্ত্রীর দায়িত্ব পালন করেন। দীর্ঘ রাজনৈতিক জীবনে কালমাদি কয়েকবার পুণে থেকে সংসদে নির্বাচিত হন। এছাড়া গুরুত্বপূর্ণ সরকারি দায়িত্ব সামলেছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০

দুবারের অলিম্পিক পদকজয়ী ব্যাডমিন্টন খেলোয়াড় পি ভি সিঙ্গু আজ কুয়ালালামপুরের এক্সিআটা স্টেডিয়ামে মালয়েশিয়া ওপেন ২০২৬ ব্যাডমিন্টন টুর্নামেন্টে অংশ নেবেন। ২০২৫ সালে চোট পাওয়ার পর মরসুমের প্রথম তথা বিশ্ব ব্যাডমিন্টন ফেডারেশনের এই শীর্ষস্থরের সুপার ১০০০ টুর্নামেন্টে অংশগ্রহণের মাধ্যমে পি ভি সিঙ্গু আবার নতুনভাবে তার যাত্রা শুরু করছেন। কুয়ালালামপুরে মহিলাদের সিঙ্গেলসে ভারতের হয়ে মালমিকা বানসোদ এবং উন্নতি হৃদাও অংশ নেবেন। পুরুষদের সিঙ্গেলসে ২০১৪ সালের প্যারিস অলিম্পিক সেমিফাইনালিস্ট লক্ষ্য সেন এবং আয়ুশ শেট্টি অংশ নেবেন। পুরুষদের ডবলসে বিশ্বচ্যাম্পিয়নশিপে দুবারের ব্রোঞ্জ পদকজয়ী চিরাগ শেট্টি এবং সাত্ত্বিক সাইরাজ রেনকি রেডিড অংশ নেবেন। মহিলাদের ডাবলসে তৃষ্ণা জলি ও গায়ত্রী গোপীচাঁদ অংশ নেবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০